27

তারিখ 07 APR 1987
পৃষ্ঠা 1 কলাম 2

দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## প্রাথমিক শিক্ষার বইয়ের জন্য নরওয়ের অনুদান

বাংলাদেশ নরওয়ের নিকট হইতে ২১ কোটি টাকা (৫ কোটি ক্রোনার) অনুদান পাইবে। এ ব্যাপারে গতকাল (সোমবার) ঢাকায় একটি চুক্তি স্বাক্ষর হয়। এই অর্থ সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের বিনামূল্যের বই ছাপার কাগজ ক্রয়ে ব্যবহার করা হইবে। চুক্তিতে স্বাক্ষর করেন বহিঃসম্পদ বিভাগের সচিব কে এম এহসানুল হক এবং নরওয়ের উন্নয়ন সংস্থার আবাসিক প্রতিনিধি মিঃ বিজোর্য়েন জোহা নেসেন।